

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১২ ১৫

বিলোনীয়া, ১৩ সেপ্টেম্বর, ২০২৪

দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের নবনির্বাচিত সদস্যদের শপথ

জনপ্রতিনিধিদের নিষ্ঠা ও স্বচ্ছতা বজায় রেখে

জনকল্যাণে কাজ করতে হবে : মুখ্যমন্ত্রী



সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা যেন সমাজের অস্তিম ব্যক্তি পর্যন্ত পৌছায় সেটা দেখা ত্রিস্তর পঞ্চায়েতের দায়িত্ব। বর্তমান সরকার স্বচ্ছতা বজায় রেখে জনকল্যাণে কাজ করছে। ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিদেরও নিষ্ঠা ও স্বচ্ছতা বজায় রেখে জনকল্যাণে কাজ করতে হবে। আজ বিলোনীয়ার শচীন দেববর্মণ অডিটোরিয়ামে দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের নবনির্বাচিত সদস্য সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডঃ) মানিক সাহা একথা বলেন। তিনি নির্বাচিত জনপ্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন, কাজের মাধ্যমে জনগণের বিশ্বাস অর্জন করতে হবে। জনগণের বিভিন্ন সমস্যার কথা ধৈর্য সহ শুনতে হবে এবং সমাধানের চেষ্টা করতে হবে। মুখ্যমন্ত্রী সাম্প্রতিক বন্যা পরিস্থিতি মোকাবিলায় এবং ক্ষতিগ্রস্তদের সহায়তা প্রদানে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা বর্ণনা করে বলেন, বর্তমান সরকার ইতিবাচক দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করে চলেছে এবং নিয়মিত কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ রাখছে যাতে করে দ্রুত সহায়তা প্রদান করা যায়।

অনুষ্ঠানে জিলা পরিষদের নবনির্বাচিত ১৭ জন সদস্য সদস্যদের শপথ বাক্য পাঠ করান পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসূন দে। পরে সদস্য সদস্যাগণ তাদের মধ্য থেকে দীপক দণ্ডকে দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি ও তপন দেবনাথকে সহকারি সভাধিপতি নির্বাচিত করেন। তাদের শপথবাক্য পাঠ করান পঞ্চায়েত দপ্তরের সচিব ড. সন্দীপ আর রাঠোর। শপথ গ্রহণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমবায়মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া, বিধায়ক মাইলাফু মগ, বিধায়ক প্রমোদ রিয়াৎ, বিধায়ক স্বপ্না মজুমদার, জেলাশাসক স্মিতা মল প্রমুখ। অনুষ্ঠানে ঋষ্যমুখ শিক্ষক দিবস উদযাপন কমিটির পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর আগ তহবিলের জন্য মুখ্যমন্ত্রীর হাতে ১ লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়। নবনির্বাচিত সভাধিপতি ও সহকারি সভাধিপতির হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়।

প্রসূন দে।

\*\*\*\*\*